# আল-আ'লা | Al-A'la | ٱلْأَعْلَىٰ

আয়াতঃ ৮৭ : ৯

## আরবি মূল আয়াত:

فَذَكِّرۡ اِنۡ نَّفَعَتِ الذِّکۡرٰی ؕ ﴿۹﴾

## অনুবাদসমূহ:

অতঃপর উপদেশ দাও যদি উপদেশ ফলপ্রসু হয়। — আল-বায়ান

কাজেই তুমি উপদেশ দাও যদি উপদেশ উপকার দেয়। — তাইসিরুল

অতএব উপদেশ যদি ফলপ্রসু হয় তাহলে উপদেশ প্রদান কর। — মুজিবুর রহমান

So remind, if the reminder should benefit; — Sahih International

### ৯. অতঃপর উপদেশ যদি ফলপ্রসূ হয় তবে উপদেশ দিন(১);

(১) অর্থাৎ যেখানে স্মরণ করিয়ে দিলে কাজে লাগে সেখানে স্মরণ করিয়ে দিবেন। এর দ্বারা জ্ঞান দেয়ার আদব ও নিয়ম নীতি বোঝা যায়। সুতরাং যারা জ্ঞান গ্রহণ করার উপযুক্ত নয়, তাদের কাছে সেটা না দেয়া। যেমন আলী রাদিয়াল্লাহু আনহু বলেন, ‘তুমি যদি এমন কওমের কাছে কোন কথা বল যা তাদের বিবেকে ঢুকবে না, তাহলে সেটা তাদের কারও কারও জন্য বিপদের কারণ হবে। তারপর তিনি বললেন, মানুষ যা চিনে তা-ই শুধু তাদেরকে জানাও, তুমি কি চাও যে লোকেরা আল্লাহ ও তাঁর রাসূলের উপর মিথ্যারোপ করুক? [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

### ৯। অতএব উপদেশ দাও; যদি উপদেশ ফলপ্রসূ হয়। [1]

[1] অর্থাৎ, সেখানে ওয়ায-নসীহত কর, যেখানে অনুমান হয় যে, তা উপকারী হবে। এই আয়াতের মাধ্যমে মহান আল্লাহ ওয়ায-নসীহত এবং শিক্ষাদানের একটি নীতি ও আদর্শ বর্ণনা করেছেন। (ইবনে কাসীর)

ইমাম শওকানী (রঃ) এর নিকট এর অর্থ হল এই যে, ‘তুমি উপদেশ দাও; যদি উপদেশ ফলপ্রসূ হয় অথবা না হয়।’ কেননা, সতর্কীকরণ ও তবলীগ উভয় অবস্থাতেই তাঁর জন্য জরুরী ছিল। অর্থাৎ (শওকানীর মতে), أو لم تنفع বাক্য এখানে উহ্য আছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5957

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন